

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Agency)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

ন্যাশনাল হাউজহোল্ড ডাটাবেইজ (এনএইচডি) প্রকল্পের আওতায় সারা দেশের সকল খানা ও খানা সদস্যগণের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিক তথ্য সংগ্রহ করে খানাভিত্তিক একটি তথ্যভান্ডার গড়ে তোলা হয়েছে। National Hygiene Survey 2017, SVRS 2017, 2018 এবং 2019, ECBSS 2017 এবং 2018, জীত শুমারি ২০১৮, ৬৪ জেলার Small Area Atlas, Citizen Household Survey 2018, Court User Survey 2018, GATS 2017, Citizen Charter Effectiveness Survey 2017 এর রিপোর্ট প্রকাশিত হয়েছে। ২০১৭ ২০১৮ ও ২০১৯ সনে পরিসংখ্যান বর্ষগ্ৰন্থ, কৃষি পরিসংখ্যান বর্ষগ্ৰন্থ, পরিসংখ্যান পকেটবুক, বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান, ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিসটিকস, মাসিক পরিসংখ্যান বুলেটিন, ভোক্তা মূল্য সূচক ও অন্যান্য সূচকসমূহ নিয়মিত প্রকাশিত হয়েছে। কৃষি শুমারি ২০১৯ এর প্রাথমিক রিপোর্ট এবং MICS-2018 এর রিপোর্ট প্রকাশিত হয়েছে। এছাড়া National Data Coordination Committee (NDCC) এর আওতায় বিভিন্ন বিষয়ভিত্তিক মাধ্যমে ডাটা প্রদানকারী সংস্থাসমূহের সাথে যোগাযোগের মাধ্যমে SDGs indicators সমূহের update data সংগৃহীত হয়েছে যা SDG Tracker এ প্রতীয়মান। জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্বাধীনতা পূর্ববর্তী সময় এবং স্বাধীনতার পর অর্থাৎ বর্তমান সময়ের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান প্রস্তুতকরণ বিষয়ক প্রকাশনা প্রকাশিত হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

জাতীয় পরিসংখ্যান ব্যবস্থা শক্তিশালী করণের লক্ষ্যে শূন্য পদে জনবল নিয়োগ বিবিএস এর একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া জেলা ও উপজেলা পর্যায়ে নিজস্ব অফিস ভবন, জনবলের প্রশিক্ষণ, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা, বিবিএস এর সকল দপ্তরের মধ্যে নেটওয়ার্ক স্থাপন, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধান, তথ্য সংগ্রহে প্রতিবন্ধকতা ছাড়াও বিভিন্ন দপ্তর/সংস্থা হতে তথ্য-উপাত্ত সংগ্রহের ক্ষেত্রে সকল অন্তরায় দূরীকরণ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অন্যতম চ্যালেঞ্জ। পরিসংখ্যানিক তথ্য ও উপাত্ত প্রদানে উত্তরদাতার অনাগ্রহ সঠিক পরিসংখ্যান প্রস্তুতের ক্ষেত্রে অন্তরায় হিসেবে কাজ করে। বিবিএস এর লক্ষ্যমাত্রা অর্জনের গৃহীত কার্যক্রমসমূহের বাজেট স্বল্পতা এবং বাজেট সময়মত না পাওয়া কাজের গতিকে শ্লথ করে।

ভবিষ্যৎ পরিকল্পনা

শূন্য পদে জনবল নিয়োগ এবং দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা, মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের জন্য আধুনিক তথ্য প্রযুক্তির ব্যবহার ও তথ্য প্রক্রিয়াকরণের ব্যবস্থা করা, প্রযুক্তিগত ও পেশাগত নেটওয়ার্ক শক্তিশালীকরণ, পরিসংখ্যান প্রস্তুতকরণে তথ্য-উপাত্ত সংক্রান্ত সংজ্ঞা, ধারণা ও পদ্ধতির প্রমিতকরণ ও সামঞ্জস্য বিধানে পরিসংখ্যান আইন ২০১৩ অনুসারে ব্যবস্থা গ্রহণ করা। পঞ্চবার্ষিক পরিকল্পনা, বৃপকল্প ২০২১ ও ২০৪১, টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) এর অগ্রগতি মূল্যায়ন ও পরিবীক্ষণ, নির্ধারিত সময়ের মধ্যে আধুনিক তথ্যপ্রযুক্তি প্রয়োগপূর্বক তথ্যের গুণগত মান নিশ্চিত।